সংবাদ।

তারিখ ২১।২।৮২
পৃষ্ঠা

121

# মাধ্যমিক পর্যায়ে সমন্বিত কোর্স চালু করতে ৪৯ কোটি টাকার স্কীম

১৯৮৫ সালের মধ্যে সরকার ৪৯ কোটি টাকা ব্যয়ে মাধ্যমিক পর্যায়ে সমন্বিত কোর্স চালু করার জন্য একটি স্কীম হাতে নিয়েছে। বর্তমান কোর্সের বদলে এই কোর্স চালু করা হবে।

এই স্কীম অনুযায়ী মানবিক, বিজ্ঞান ও বাণিজ্য প্রভৃতি ভিন্ন ভিন্ন বিভাগের পরিবর্তে 'একটি মাত্র অভিন্ন পাঠক্রম' চালুর পরিকল্পনা নেয়া হয়েছে। নতুন কোর্সে সকলের জন্য বিজ্ঞান ও ধর্ম শিক্ষাকে বাধ্যতামূলক করা হবে।

বাংলাদেশ টেক্সট বুক বোর্ড ইতিমধ্যে নতুন পাঠক্রমের জন্য পাঠক্রমের জন্য, বই রচনা ও প্রকাশের দায়িত্ব নিয়েছে।

বোর্ডের চেয়ারম্যান জনাব সিরাজউদ্দিন হোসেন এনা প্রতিনিধিকে জানান, জাতীয় পাঠক্রম কমিটি কর্তৃক কৃত পাঠ্যসূচী সরকার ইতিমধ্যেই অনুমোদন করেছে। একবছর আগেই মাসের মধ্যে বই ছাপার কাজ শেষ হবে এবং আগামী বছর জানুয়ারী মাসের মধ্যে ছাত্ররা এসব বই পাবে। সমগ্র স্কীমের জন্য সরকারের মোট ৪৯ কোটি টাকা ব্যয় হবে।

এছাড়া সরকার মাদ্রাসাগুলিতে বিজ্ঞান শিক্ষা চালু করার জন্য ৫ কোটি টাকার একটি স্কীম গ্রহণ করেছেন। খবর এনা'র।